



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

পীরগঞ্জ সরকারি কলেজ

পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

Website: www.pirganjgc.edu.bd; Email: pgc_net@yahoo.com, c3509@nu.ac.bd; EINN: 128965

অধ্যক্ষ ফোন: ০২৫৮৯৯৩৩১৮৪, মোবাইল: ০১৭৪০৪৭৩৪৯৩, ০১৩০৯১২৮৯৬৫; উপাধ্যক্ষ ফোন: ০২৫৮৯৯৩৩২০২

বিজ্ঞপ্তি নং-৪৭

তারিখ: ২৭/১০/২০২৪খ্রি.

১. বিজ্ঞপ্তি ১।

অত্র কলেজের শিক্ষক ও শিক্ষার্থীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সারাদেশে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ ছড়িয়ে পড়ছে। এই রোগ প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির জন্য প্রচারণা কাজে সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থীগণকে সম্পৃক্ত করতে “ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ বিষয়ক জাতীয় কমিটি” সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

এমতাবস্থায় ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির জন্য নিজ নিজ প্রতিবেশী ও পরিচিতজনকে নিম্নবর্ণিত ১০টি বিষয়ে অবহিত করতে অত্র কলেজের শিক্ষক ও শিক্ষার্থীগণকে অনুরোধ জানানো হলো।

ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা

- ১। ফুলের টব, এসি, ফ্রিজের নিচসহ বাসার যেকোনো স্থানের আবদ্ধ পানি নিয়মিত অপসারণ করুন।
- ২। আপনার চারপাশের জায়গা পরিষ্কার পরিচ্ছন্ন করুন, প্রয়োজনে জমে থাকা পানিতে ব্লিচিং পাউডার ছিটান।
- ৩। পানি জমে থাকতে পারে এমন জিনিসপত্র উল্টে রাখুন। এছাড়া পরিত্যক্ত টায়ার, ডাব/নারিকেলের খোসা, প্লাস্টিকের বোতল ও আশে-পাশের জমা পানি ৩ দিনের মধ্যে ফেলে দিন।
- ৪। দিনে বা রাতে ঘুমানোর সময় অবশ্যই মশারি ব্যবহার করুন।
- ৫। জানালাতে মশা প্রতিরোধক নেট ব্যবহার করুন।
- ৬। শরীরের অনাবৃত স্থানে মশা নিবারক ক্রিম ব্যবহার করুন।
- ৭। মশা নিধনের ওষুধ, স্প্রে কিংবা কয়েল ব্যবহার করুন।
- ৮। পাতল কিংবা ঢোলা পোশাক পরিধান থেকে বিরত থাকুন।
- ৯। শিশু এবং বয়স্কদের বিশেষ যত্ন নিয়ে নিরাপদে থাকুন।
- ১০। আপনার বাড়ির আঙ্গিনা ও আশ-পাশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখুন।


(প্রফেসর মো. বদরুল হুদা-৫৯৬৭)

অধ্যক্ষ

পীরগঞ্জ সরকারি কলেজ

পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
(প্রফেসর মো. বদরুল হুদা-৫৯৬৭)

অধ্যক্ষ
পীরগঞ্জ সরকারি কলেজ
ঠাকুরগাঁও

২৭/১০/২৪